গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর
web:www.ccr.gov.bd
E-mail: carmichaelcollege@gmail.com

নম্বর ঃ 02 তারিখঃ 02/08/23

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ০২/০৮/২০২৩ তারিখ হতে ৩০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত (www.nu.edu.bd/ admissions) এ প্রবেশ করে আবেদন ফরম অনলাইনে পূরণ সাপেক্ষে প্রিন্ট কপি নিতে হবে। **আবেদন ফি বাবদ ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং "রকেট"** এর মাধ্যমে জমা দিতে হবে। আবেদন ফরম সকাল ১০.০০ টা থেকে দুপুর ৩.০০ টা পর্যন্ত (শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি কমিটির নিকট জমা দেয়ার জন্য বলা হলো।

১। আবেদনের সাধারণ যোগ্যতা

(ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৮/২০১৯/২০২০ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০২০/২০২১/২০২২ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC সমমানের কোর্সসমূহ থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল)ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লো মা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

গ) ২০১৮/২০১৯/২০২০ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪(চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২০/২০২১/২০২২ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই)টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতককপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ ১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতককপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (deanug@nubd.info) আবেদন প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে প্রার্থীর ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম, প্রার্থিত কোর্সের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে প্রার্থীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ ও পাসপোর্ট সাইজের দুই কপি ছবি সংযুক্ত করতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ বা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস)নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সেই শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/ প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ছ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি ও রেজিষ্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

০১। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষার মূল নম্বরপত্রের ফটোকপি- ০১ কপি।।

০২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সমমানের পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি- ০১ কপি।

০৩। আবেদন ফরমে মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে।

02.08.23
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।
কারমাইকেল কলেজ
রংপুর।

নম্বর ঃ তারিখঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

০১। উপাধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর।

০২। আহবায়ক, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত প্রোগ্রাম ভর্তি কমিটি, এই কলেজ।

০৩। অফিস কপি।

02.08.23
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ
রংপুর।

02/08/2023

আবেদন ফি জমাদান পদ্ধতি ঃ

Biller ID: 360
Bill number: Admission Roll (#)

১)লগইন (Login) করতে হবে।

২)বিল-পে (Bill Pay)-সিলেক্ট করতে হবে

৩)বিলার আইডি (Biller ID) এর স্থানে 360 টাইপ করতে হবে (এটি Principal Carmichael College Rangpur এর আইডি)।

৪) বিল নাম্বার (Bill Number) এর স্থানে অবশ্যই আবেদনকারীর Admission Roll সাবধানতার সাথে টাইপ করতে হবে, কোন ক্রমেই ভুল করা যাবে না।

৫) আবেদনকারীর নিজের মোবাইল হলে Self / অন্যের মোবাইল হলে Others সিলেক্ট করতে হবে এবং মোবাইল নাম্বরের স্থানে আবেদনকারীর নিজস্ব/অভিভাবকের সচল মোবাইল নম্বর দিতে হবে। (এই মোবাইল নম্বরে কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনে যোগাযোগ করবেন।)

৬) টাকার পরিমান অবশ্যই ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হতে হবে।

৭) সবশেষে বিল Submit করে PIN দিয়ে বিল প্রদান সম্পন্ন করতে হবে।

বি.দ্র. ফি প্রদান সম্পন্নহলে মোবাইলে Txn ID সম্বলিত একটি SMS আসবে। উক্ত Txn ID টি ডাউনলোডকৃত আবেদন ফরমের উপরের অংশে লিখতে হবে। (বিষয়টি অতীব জরুরী)।

020823

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ
রংপুর।

২১/০৮/২০২৩